

বিশ্বিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৩ এপ্রিল ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: ডুমুরিয়া

তারিখ: ২৩-০৪-২০২৬

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ২০.০৪.২০২৬ থেকে ২২.০৪.২০২৬ তারিখ পর্যন্ত

জেলা: খুলনা

বুলেটিন নম্বর: ১৪২

পূর্বাভাসের সময়কাল	২০-০৪-২০২৬	২১-০৪-২০২৬	২২-০৪-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০-৫
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৯	৪০	৪০
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪	২৪	২৪
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭৩	৭২	৭২
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৩২	৩৩	৩৩
বাতাসের দিক	দক্ষিণ - পশ্চিম	দক্ষিণ - পশ্চিম	দক্ষিণ - পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ২৩.০৪.২০২৬ থেকে ২৬.০৪.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	২৩-০৪-২০২৬	২৪-০৪-২০২৬	২৫-০৪-২০২৬	২৬-০৪-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০-১	০-৩	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৪১	৪০	৩৯	৩৮
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৪	২৪	২৪	২৩
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৭	৭১	৭১	৭২
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	২৮	২৯	২৯	৩২
বাতাসের দিক	উত্তির - পশ্চিম	দক্ষিণ - পশ্চিম	দক্ষিণ - পশ্চিম	দক্ষিণ - পশ্চিম

Source: <https://usf.bmd.gov.bd/>

সময়কাল: ২৩ এপ্রিল ২০২৬ – ২৬ এপ্রিল ২০২৬

তরমুজ:

আগামী চারদিন তাপমাত্রা বাড়তে থাকবে। তরমুজ গাছে ফল সংগ্রহ পর্যন্ত ফুল-ফল আসা অব্যাহত থাকে। এমওপি এবং বোরন সারের ঘাটতি হলে ফল ফেটে যায় তাই অনুমোদিত মাত্রায় এমওপি এবং বোরন সার প্রয়োগ করুন। তরমুজ ফল মাটির সংস্পর্শে যেন না আসে, এজন্য খড় বা প্লাস্টিক শিট ব্যবহার করুন। অতিরিক্ত ফল হলে কিছু ফল হেঁটে দিন যাতে বাকি ফলগুলো বড় ও মিষ্টি হয়। উষ্ণ আবহাওয়ায় বিভিন্ন রোগ ও পোকামাকড়ের জন্য অনুমোদিত কীটনাশক ও ছত্রাক নাশক অনুমোদিত মাত্রায় স্প্রে করুন। মাছি পোকা দমনের জন্য প্রকল্প থেকে সরবরাহকৃত ফেরোমোন ফাঁদ ব্যবহার করুন। বজ্রপাতের সম্ভাবনায় খোলা মাঠে অবস্থান এড়িয়ে চলুন।

ভুট্টা: ফুল আসা পর্যায়:

আগামী চারদিন তাপমাত্রা বাড়তে থাকবে। ভুট্টা লাগানোর ৮০-৮৫ দিন পর পুরুষ ফুল ও মোচার মাথায় চুল বের হওয়ার পর্যায়ে তৃতীয়বার সেচ দিতে হবে। জমিতে খরা অথবা অতিরিক্ত পানি জমে থাকতে দেয়া যাবে না। সুষ্ণ পানি ব্যবস্থাপনার মাধ্যমে সেচ দিতে হবে। যেমন-নালা পদ্ধতি, পানির প্লাস্টিক হোস পাইপ, স্প্রিংলার ইত্যাদি। প্রজনন পর্যায়ে সাধারণত: ফল আর্মিওয়ার্ম, মোচার পোকা, জাবপোকা ইত্যাদি ভুট্টা গাছে আক্রমণ করে থাকে। অন্যদিকে রোগ-বলাইয়ের মধ্যে ভুট্টার পাতা বলসানো, ব্যাকটেরিয়াল স্টক রট, মোচা ও দানা পঁচা রোগ ইত্যাদি রোগের আক্রমণ হতে পারে। বর্তমান সময়ে তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে ফলে এদের আক্রমণ বেড়ে যাবে। রোগ ও পোকামাকড়ের আক্রমণ থেকে রক্ষায় অনুমোদিত কীটনাশক ও ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় ব্যবহার করুন।

ডাগন ফল: ফুল পর্যায়

বর্তমান আবহাওয়ায় গাছের গোড়ায় অবশ্যই মালচিং এর ব্যবস্থা করুন। গাছের শিকড় যাতে সূর্যের আলোতে না আসে সে দিকে অবশ্যই খেয়াল রাখতে হবে। গাছে নতুন কোন কুশি বের হলে তা কেটে ফেলতে হবে। জৈব সার যতো পারা যায় প্রয়োগ করতে হবে। টিএসপি আর অন্যান্য সার পূর্ণ মাত্রায় প্রয়োগ করতে হবে। প্রয়োজনে সেচ প্রদান করুন।